

# মোহনপুর উপজেলা শহরের নগরায়ন বিষয়ক গবেষণা

জুন, ২০১৮



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
রাজশাহী আঞ্চলিক অফিস  
সপুরা, রাজশাহী

## কৃতজ্ঞতা স্বীকার

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস গত অর্ধ বছরের মত এ বছরেও সফলভাবে আরো একটি গবেষণা কার্যক্রম সম্পন্ন করেছে। আশির দশকে বেশ কিছু উপজেলা শহর/পৌরসভার ভূমি ব্যবহার মহাপরিকল্পনা/মাষ্টারপ্ল্যান প্রণয়ন করা হয়েছিল। এইসব মাষ্টারপ্ল্যানগুলোর মেয়াদ ইতিমধ্যে উত্তীর্ণ হয়ে গেছে। এছাড়াও এসব ছোট ও মাঝারী আকারের শহরগুলোর জনসংখ্যা যথেষ্ট বেড়ে গেছে। শহরগুলোর ভৌত কাঠামোগত, আর্থসামাজিক পরিবর্তনের কারণে পূর্বে প্রণয়ন করা মাষ্টারপ্ল্যান বর্তমানে প্রায় অকার্যকর হয়ে আছে। এ বিষয়টিকে প্রতিপাদ্য হিসেবে বিবেচনা করে আশির দশকে উপজেলা শহরের জন্য প্রণীত ভূমি ব্যবহার মহাপরিকল্পনাগুলোর বাস্তবায়ন নিরূপণের লক্ষ্যে রাজশাহীর সন্নিকটে মোহনপুর উপজেলাকে বেছে নিয়ে এ গবেষণা কাজ সম্পন্ন করা হয়েছে।

এ গবেষণা কাজটি সম্পন্ন করতে নগর উন্নয়ন অধিদপ্তরসহ বিভিন্ন পর্যায়ের প্রতিষ্ঠান, কর্মকর্তা-কর্মচারী ও ব্যক্তি পর্যায়ের সহযোগিতা গ্রহণ করতে হয়েছে। এক্ষেত্রে প্রথমেই নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক জনাব ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক স্যারের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য, যিনি সর্বদা গবেষণা কাজের অগ্রগতির বিষয়ে খোঁজ খবর নিয়েছেন এবং গবেষণা কাজটি সঠিক সময়ে সম্পন্ন করতে তাঁর সুচিন্তিত মতামত, পরামর্শ এবং সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করেছেন। তাছাড়া ভূমি ব্যবহার যাচাই বা জরিপ কালে উপজেলা পরিষদে ফোকাস গ্রুপ ডিসকাশন সভা আয়োজন করার ক্ষেত্রে মোহনপুর উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ আব্দুস সামাদ এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আনোয়ার-উল হালিম এবং উপজেলা প্রকৌশলী জনাব নূ: আ: মোঃ সুলতানুল ইমাম সহ অত্র উপজেলার বিভিন্ন শ্রেণীর কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ যারা মূল্যবান তথ্যাদি দিয়ে জরিপ কাজে সহায়তা করেছেন। এছাড়া নগর উন্নয়ন অধিদপ্তরের রাজশাহী আঞ্চলিক অফিসের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের সর্বাঙ্গিক সহযোগিতা এবং আন্তরিক প্রচেষ্টায় গবেষণা কাজটি সম্পন্ন করা হয়েছে। এখানে আরও উল্লেখ্য যে মোহনপুর উপজেলার কর্মকর্তা-কর্মচারী ছাড়াও স্থানীয় জনসাধারণ, যারা জরিপ কাজের সাথে থেকে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে সহায়তা করেছেন। আমি তাঁদের সকলকে নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিসের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

পরিশেষে এ গবেষণা প্রতিবেদনে বহুল ব্যবহৃত বাংলা ফন্ট এর পরিবর্তে ইউনিকোড ফন্ট ‘সোনার বাংলা’ ব্যবহার করা হয়েছে। এক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত কোন ভুলত্রুটি পরিলক্ষিত হয়ে থাকলে তা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করছি।

মোঃ আবদুর রহমান খান  
সিনিয়র প্ল্যানার এবং গবেষক  
নগর উন্নয়ন অধিদপ্তর  
রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী

(ii)

### সার সংক্ষেপ

উন্নয়নশীল দেশ হওয়ায় বাংলাদেশে নগরায়নের হার বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে বাড়ছে শহরগুলোতে জনসংখ্যার চাপ। এ চ্যালেঞ্জ মোকাবেলার জন্য বিভিন্ন সময় পরিকল্পিত নগরায়নের লক্ষ্যে মাস্টারপ্ল্যান প্রণয়ন করা হলেও তা পুরোপুরি বাস্তবায়িত হয়নি। উদাহরণস্বরূপ, ১৯৫৯ সালে ঢাকা, ১৯৬১ সালে চট্টগ্রাম, ১৯৬৬ সালে খুলনা এবং ১৯৮৪ সালে রাজশাহী শহরের জন্য যে ২০ বছর মেয়াদী মাস্টারপ্ল্যান তৈরি করা হয়েছিল সে অনুযায়ী সংশ্লিষ্ট শহরগুলোর অবকাঠামো, আবাসিক এলাকা এবং বাণিজ্যিক এলাকার উন্নয়ন সামগ্রিকভাবে বাস্তবায়িত হয়নি। এছাড়া, আশির দশকে নগর উন্নয়ন অধিদপ্তরের তত্ত্বাবধানে দেশের ৫০টি জেলা এবং ৩৯২টি উপজেলা শহরের জন্য ভূমি পরিকল্পনা প্রণয়ন করা হলেও লোকবল সংকটের কারণে তা আর বাস্তবায়ন সম্ভবপর হয়নি। তাই অতীত অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে শহরগুলোর বর্তমান পরিকল্পনা বাস্তবায়নের সামগ্রিক অবস্থা নিরূপণের লক্ষ্যে এই গবেষণা কার্যটি পরিচালনা করা হয়েছে।

রাজশাহী জেলার অন্তর্গত মোহনপুর উপজেলা শহরের নগরায়ণ নিয়ে আলোচ্য গবেষণা কার্যটি পরিচালিত হয়েছে। মোহনপুর উপজেলাতে একটি 'খ' শ্রেণীর পৌরসভা রয়েছে যেটি কেশরহাট পৌরসভা নামে পরিচিত। কৃষি নির্ভর অর্থনীতি বিশিষ্ট এই উপজেলার প্রধান অর্থকরী ফসল যথাক্রমে পান ও আলু। এই উপজেলার ব্যবসা বাণিজ্যও তাই মিলি পান এবং আলু উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণের সাথে সম্পর্কিত। এছাড়া ইউনিয়নগুলোর সাথে উপজেলা সদরের যোগাযোগ ব্যবস্থা সন্তোষজনক। এ কারণে, প্রাকৃতিক সম্পদের অপ্রতুলতা সত্ত্বেও উপজেলা শহরটিতে নগরায়নের হার বৃদ্ধি পাচ্ছে।

এই গবেষণা কার্যটি মূলত মোহনপুর উপজেলা শহরের নগরায়নের সার্বিক চিত্র তুলে ধরার জন্য করা হয়। মোহনপুর উপজেলা শহরবাসীদের আর্থ-সামাজিক অবস্থা নিরূপণ এবং উপজেলা শহরের ভূমি ব্যবহার ১৯৮৮ সালে নগর উন্নয়ন অধিদপ্তরের তত্ত্বাবধানে প্রণীত ভূমি ব্যবহার মহাপরিকল্পনা অনুযায়ী হয়েছে কি-না তা পুনঃনিরীক্ষণ এবং বর্তমান ভূমি ব্যবহার ও তার পরিবর্তন ইত্যাদি বিষয় গুলো যাচাই এবং এ সংক্রান্ত তথ্য সমূহ সংগ্রহ করে সংযোজন করা হয়েছে। নগরায়নের পরিব্যাপ্তি এবং আর্থ সামাজিক বিষয়গুলো জরিপ করে শহরের সুবিধা অসুবিধাগুলো বিশ্লেষণ করা হয়েছে।

গবেষণা কার্যটি মোট ৯ টি ধাপ অনুসরণ করে সম্পন্ন হয়েছে। দ্বিতীয় পর্যায়ে তথ্য উপাত্ত বিভিন্ন বই পত্র, পত্রিকা, জার্নাল, ম্যাগাজিন ইত্যাদি থেকে সংগ্রহ করা হয় যেটা পরবর্তিতে সাহিত্য পর্যালোচনায় ব্যবহার করা হয়। গবেষণা কাজটি শুরুর পূর্বে প্রস্তাবিত এলাকা সম্পর্কে সম্যক ধারণা পাওয়ার লক্ষ্যে মোহনপুর উপজেলায় প্রাক সম্ভাব্য জরিপ সম্পন্ন করা হয়। প্রস্তাবিত এলাকার প্রাথমিক বৈজ ম্যাপ প্রস্তুতির লক্ষ্যে মহাপরিকল্পনাতন্ত্র এলাকার মাস্টারপ্ল্যান এবং সংশ্লিষ্ট মৌজা ম্যাপ সংগ্রহ করা হয় এবং GIS সফটওয়্যার ব্যবহার করে বৈজ ম্যাপ তৈরি করা হয়। প্রস্তুতকৃত বৈজ ম্যাপ নিয়ে মোহনপুর উপজেলার ভূমি ব্যবহারের ম্যাপ আপডেট করার আগে বিভিন্ন ধাপে এলাকা পরিদর্শন করা হয়েছিল। ভূমি ব্যবহার যাচাই জরিপে প্রাপ্ত তথ্যবলী GIS ভিত্তিক বৈজ ম্যাপে সমন্বিত করে বাস্তবায়ন পরিস্থিতি নিরূপণের জন্য ভূমি ব্যবহারের বিদ্যমান অবস্থা এবং বাস্তবায়ন ও আবাস্তবায়ন নির্দেশনামূলক দুইটি আলাদা ম্যাপ প্রস্তুত করে তাতে বাস্তবায়ন চিত্র যথাযথভাবে নির্ণয় করা হয়। অপরদিকে, মোহনপুর উপজেলা শহরের অধিবাসীদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন নিরূপণের লক্ষ্যে প্রশ্নাবলি জরিপের মাধ্যমে প্রাথমিক তথ্য সংগ্রহ করা হয়। আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন নির্দেশকসমূহ যেমনঃ পরিবারের ধরণ, আয়, শিক্ষার স্তর, বাড়ীর ধরণ, জ্বালানির উৎস, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং অন্যান্য সুযোগ সুবিধা নির্বাচিত করে প্রশ্নাবলি তৈরি করা হয়। তথ্য সূত্রের নির্ভুলতা যাচাই করার জন্য তথ্যপ্রদানকারী সাক্ষাত্কার নেয়া হয়, যেখানে প্রধান তথ্যপ্রদানকারীগণ ছিলেন উপজেলার চেয়ারম্যান, শিক্ষক, সরকারি কর্মকর্তা। এছাড়াও একটি ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) এর আয়োজন করা হয়, যাতে মোহনপুর উপজেলার সঠিক তথ্যগুলো পাওয়া যায়। তবে দক্ষ জনবল ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সংকটের মধ্যেও গবেষণা কার্যটি স্বল্প সময়ে সম্পাদন করা হয়েছে যার কারণে গবেষণার চূড়ান্ত ফলাফলে কিছুটা বিচ্যুতি ঘটতে পারে।

গবেষণা থেকে দেখা যায় যে, ২০০১ সাল থেকে ২০১১ সালের মধ্যে মোহনপুর উপজেলা শহরে নগর বৃদ্ধির হার ছিল ৫.৩৬%; যেখানে নগর এলাকাতে জনসংখ্যার অংশ ৭.৬২% থেকে বৃদ্ধি পেয়ে ১২.২৯% হয়েছে। সুতরাং ২০০১-২০১১ পর্যন্ত দশকে মোহনপুর উপজেলাতে ধনাত্মক নগরায়ণের সাথে নগর বৃদ্ধি ঘটেছিল।

মোহনপুর উপজেলা শহরের জন্য ১৯৮৮সালে প্রস্তাবিত ভূমি ব্যবহার মহাপরিকল্পনার মোট আয়তন ছিল ৩০৭৮.৬৩ একর। বর্তমান ভূমি ব্যবহার বিশ্লেষণ করে দেখা যায়, প্রস্তাবিত ভূমি ব্যবহার মহাপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়িত ভূমির পরিমাণ ২৭২১.৮৯ একর যা প্রস্তাবিত ভূমি ব্যবহারের প্রায় ৮৮.৪১% এবং বাকী ১১.৫৯% উন্নয়ন এখনও আবাস্তবায়িত রয়ে গেছে। এছাড়া ১৯৮৮ সালে যেখানে কৃষি জমি ব্যতীত বাস্তবায়নের হার ১৬.৪৩% (মোট প্রস্তাবিত ভূমির উপর)।

আবার যত্রতত্র নগরায়নের ফলে শহরবাসীর আর্থ-সামাজিক অবস্থার তেমন পরিবর্তন সাধিত হয়নি। শিক্ষার হার এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থার ক্ষেত্রে ব্যাপক উন্নতি সাধিত হলেও এখনো অধিকাংশ মানুষ তাদের জীবিকার জন্য কৃষির উপর নির্ভরশীল এবং তাদের পারিবারিক আয়ের পরিমাণ অতি সামান্য। এছাড়া জলাবদ্ধতা, রাস্তা-ঘাটের অপ্রশস্তা, অপরিষ্কার ল্যাম্প পোস্ট ইত্যাদি কারণগুলো শহরবাসীর নিকট নাগরিক সুবিধা প্রদানে প্রধান অন্তরায়।

বিভিন্ন জরিপ, FGD এবং স্থানীয় জনসাধারণের সাথে আলোচনার প্রস্তুতিতে প্রস্তাবিত মহাপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন না হওয়ার যে সমস্ত কারণ চিহ্নিত হয়েছে তার মধ্যে মোহনপুর উপজেলা শহরের জন্য প্রণীত মহাপরিকল্পনা সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গেজেট না হওয়া, মহাপরিকল্পনা বিভিন্ন বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের মধ্যে বিতরণ না করা অন্যতম। এছাড়া মহাপরিকল্পনা বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও জনসাধারণের মধ্যে সমন্বয়হীনতাও মহাপরিকল্পনা বাস্তবায়নের অন্তরায় হিসেবে কাজ করেছে।

গবেষণার ফলাফলের প্রেক্ষিতে বলা যায় যে, মহাপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের দক্ষ জনবল সমৃদ্ধ একটি শাখা থাকা একান্ত প্রয়োজন। এছাড়া স্থানীয় সরকার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানগুলোকে মহাপরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয়তা সম্পর্কে অবগত করে তাদেরকে উৎসাহিত করা উচিত যাতে তারা মহাপরিকল্পনা বাস্তবায়নের সক্ষমতা অর্জন করে। আর এক্ষেত্রে নগর উন্নয়ন অধিদপ্তর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রশিক্ষণ প্রদান করে সহায়ক ভূমিকা পালন করতে পারে। এতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো মহাপরিকল্পনা বাস্তবায়নে অনেক বেশি তৎপর হবে।

এছাড়া আর্থ-সামাজিক উন্নতি সাধনের জন্য উপজেলা শহরের কৃষিভিত্তিক উন্নয়ন করা দরকার। তাছাড়া, নিজেদের মধ্যে কৃষিভিত্তিক সমিতি করে, কৃষির উন্নয়নে কাজ করা দরকার। যেহেতু, অন্যান্য ফসলের মধ্যে এই এলাকার পান দেশব্যাপী বিখ্যাত, সেহেতু পানের উন্নয়ন বাড়ানোর জন্য সরকারকে পদক্ষেপ নিতে হবে। বিগত, কয়েক বছরে পানের পচন রোগের কারণে এই এলাকার পান উৎপাদন ব্যাহত হচ্ছে। সেজন্য, পান গবেষণা কেন্দ্র করার মাধ্যমে পানের নতুন জাত উদ্ভাবন ও পানকে রোগমুক্ত করা যেতে পারে।

তাছাড়াও আশির দশকে প্রণীত মোহনপুর উপজেলার মাষ্টার প্ল্যানের মেয়াদ ইতিমধ্যেই উত্তীর্ণ হয়েছে। স্থানীয় সাধারণ জনগণ, রাজনীতিবিদ, বিভিন্ন পেশাজীবী এবং স্থানীয় বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তা, উপজেলা পরিষদ, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের যথাক্রমে চেয়ারম্যান, মেয়র এবং কাউন্সিলরবৃন্দের চাহিদা মোতাবেক মোহনপুর উপজেলার যে সমস্যা গুলো চিহ্নিত করা হয়েছে সেগুলোর বাস্তবসম্মত সমাধানের মাধ্যমে এবং নতুন মহাপরিকল্পনা প্রণয়নের মাধ্যমে উপজেলার সার্বিক অবস্থার উন্নয়ন ঘটানো সম্ভব।

গবেষণা টীম

**ক) তত্ত্বাবধানেঃ**

- ১। জনাব মোঃ আব্দুর রহমান খান, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।
- ২। জনাব মোঃ আব্দুল ওয়াহাব, সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।

**খ) প্রতিবেদন প্রণয়নেঃ**

- ১। জনাব মোঃ আব্দুর রহমান খান, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।
- ২। জনাব মোঃ আব্দুল ওয়াহাব, সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।

**গ) সহযোগিতায়ঃ**

- ১। জনাব মোঃ ফখরুল ইসলাম, প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।
- ২। নাসির উদ্দিন খান, গবেষণা সহকারী, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।
- ৩। জনাব মোঃ রফিকুল ইসলাম, নক্সাকার (মান-৪), নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।
- ৪। মোঃ রুবেল হোসেন, সার্ভেয়ার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।
- ৫। জনাব মোঃ মাহবুব হোসেন, রেখাকার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।
- ৬। জনাব মোঃ রমজান আলী, রেখাকার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস।
- ৮। মোঃ নাহিদুল ইসলাম, বিইউআরপি, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৯। মোঃ সালমান রেজা, বিইউআরপি, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ১০। মোঃ তোফাজ্জল হোসেন, বিইউআরপি, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ১১। সাদিয়া আফরিন, বিইউআরপি, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

শব্দ সংক্ষেপ

BBS	:	Bangladesh Bureau of Statistics
FGD	:	Focused Group Discussion
GIS	:	Geographic Information System
UNHCR	:	United Nations Human Rights Council
BIP	:	Bangladesh Institute of Planners

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কৃতজ্ঞতা স্বীকার	i
সার সংক্ষেপ	ii
গবেষণা টীম	iv
শব্দ সংক্ষেপ	v
সূচীপত্র	vi
টেবিলের তালিকা	x
চিত্রের তালিকা	x
ম্যাপের তালিকা	xi
<b>অধ্যায় ০১: প্রাক আলোচনা-</b>	<b>১-৬</b>
১.১ ভূমিকা	১
১.২ উপজেলা পরিচিতি	২
১.২.১ ভৌগলিক অবস্থান ও আয়তন	২
১.২.২ পটভূমি	২
১.২.৩ ইউনিয়ন ও পৌরসভা	২
১.২.৪ জনসংখ্যা	২
১.২.৫ নদী ও খাল	৩
১.২.৬ ঐতিহ্য	৪
১.২.৭ ব্যবসা বাণিজ্য	৪
১.২.৮ ধর্ম ও সংস্কৃতি	৪
১.২.৯ প্রখ্যাত ব্যক্তিত্ব	৩
১.২.১০ খাদ্য শস্য ও অন্যান্য ফসল	৪
১.২.১১ প্রাকৃতিক সম্পদ	৪
১.২.১২ যোগাযোগ ব্যবস্থা	৫
১.৩ গবেষণা পটভূমি	৫
১.৪ গবেষণার যৌক্তিকতা	৫
১.৫ মূল লক্ষ্য	৬
১.৬ নির্দিষ্ট উদ্দেশ্য	৬
১.৭ সীমাবদ্ধতা	৬
<b>অধ্যায় ০২: সাহিত্য পর্যালোচনা-</b>	<b>৭-৮</b>
২.১ সংশ্লিষ্ট সংজ্ঞা সমূহ	৭
২.১.১ নগরায়নঃ	৭
২.১.২ নগর বৃদ্ধি	৮
২.১.৩ ভূমি ব্যবহার পরিকল্পনা	৮
২.১.৪ ফোকাস গ্রুপ ডিসকাশন	৮
<b>অধ্যায় ০৩: গবেষণার পদ্ধতি-</b>	<b>৯-১১</b>
৩.১ ভূমিকা	৯
৩.২ গবেষণা পদ্ধতি	৯
৩.২.১ ধাপ ১	৯
৩.২.২ ধাপ ২	৯

৩.২.৩ ধাপ ৩	১০
৩.২.৪ ধাপ ৪	১০
৩.২.৫ ধাপ ৫	১০
৩.২.৬ ধাপ ৬	১০
৩.২.৭ ধাপ ৭	১০
৩.২.৮ ধাপ ৮	১১
৩.২.৯ ধাপ ৯	১১
৩.২.১০ ধাপ ১০	১১
৩.২.১১ ধাপ ১১	১১

#### অধ্যায় ০৪: তথ্য বিশ্লেষণ-

১২-৩৩

৪.১ মোহনপুর উপজেলা শহরের নগরায়নের অবস্থা	১২
৪.২ ভূমি-ব্যবহার নিরূপণ	১৩
৪.২.১ ভূমি ব্যবহার মহাপরিকল্পনা ১৯৮৮ অনুযায়ী মোহনপুর উপজেলা শহরের ভূমি ব্যবহারের ধরণ	১৩
৪.২.২ ১৯৮৮ সালে মোহনপুর উপজেলা শহরে ভূমি ব্যবহারের ধরণ	১৪
৪.২.৩ মোহনপুর উপজেলা শহরের বর্তমান ভূমি ব্যবহারের ধরণ	১৬
৪.২.৪ মোহনপুর উপজেলা শহরে ভূমি ব্যবহারের বাস্তবায়িত ও অবাস্তবায়িত চিত্র	১৮
৪.২.৫ প্রস্তাবিত মহাপরিকল্পনা বাস্তবায়ন না হওয়ার সম্ভাব্য কারণ	২০
৪.৩ আর্থ সামাজিক অবস্থা	২২
৪.৩.১ মানুষের পেশা	২২
৪.৩.২ মাসিক আয়	২২
৪.৩.৩ পরিবারের ধরণ	২৩
৪.৩.৪ শিক্ষার অবস্থা	২৪
৪.৩.৫ বাড়ির কাঠামোর ধরণ	২৬
৪.৩.৬ অভিবাসন হার এবং উদ্দেশ্য	২৭
৪.৩.৭ জালানীর উৎস	২৮
৪.৩.৮ পানির উৎস	২৯
৪.৩.৯ পয়ঃনিষ্কাশনের ধরণ	৩০
৪.৩.১০ জলাবদ্ধতার কারণ	৩১
৪.৩.১১ উপজেলার ভূমি পরিবর্তনের ধরণ	৩২
৪.৪ SWOT বিশ্লেষণ	৩৩

#### অধ্যায় ০৫: সুপারিশমালা-

৩৪-৩৫

৫.১ ভূমিকা	৩৪
৫.২ উপসংহার	৩৪
৫.৩ পরবর্তী করণীয়	৩৫

তথ্যসূত্রঃ

সংযুক্তি ০১

সংযুক্তি ০২

সংযুক্তি ০৩

সংযুক্তি ০৪

সংযুক্তি ০৫

সংযুক্তি ০৬



**টেবিলের তালিকাঃ**

টেবিল ১.১ মোহনপুর উপজেলার অর্ধ শতাব্দীর জনসংখ্যা বৃদ্ধির হার	৩
টেবিল ১.২ এক নজরে মোহনপুর উপজেলা পরিচিতি	৩
টেবিল ৪.১ মোহনপুর উপজেলা শহরের জন্য প্রস্তাবিত ভূমি ব্যবহার মহাপরিকল্পনা ১৯৮৮ অনুযায়ী ভূমি ব্যবহারের ধরণ	১৪
টেবিল ৪.২ ১৯৮৮ সালের মোহনপুর উপজেলার ভূমি ব্যবহারের হার	১৫
টেবিল ৪.৩ মোহনপুর উপজেলা শহরের বর্তমান ভূমি ব্যবহারের হার	১৭
টেবিল ৪.৪ মোহনপুর উপজেলার ভূমি ব্যবহারের বাস্তবায়ন ও অবাস্তবায়ন	১৮-১৯
টেবিল ৪.৫: মোহনপুর উপজেলা শহর-এর পরিবারের ধরনের সাথে জাতীয় পর্যায়ে নগর এলাকার অবস্থা তুলনা	২৩
টেবিল ৪.৬: মোহনপুর উপজেলা শহর-এর সাক্ষরতার হারের সাথে জাতীয় অবস্থার তুলনা	২৪
টেবিল ৪.৭: মোহনপুর উপজেলা শহর-এর বাড়ির কাঠামোর ধরণের সাথে জাতীয় অবস্থার তুলনা	২৬
টেবিল ৪.৮: মোহনপুর উপজেলা শহর-এর জ্বালানির উৎসের সাথে জাতীয় অবস্থার তুলনা	২৮
টেবিল ৪.৯: মোহনপুর উপজেলা শহর-এর পানির উৎসের অবস্থার সাথে জাতীয় অবস্থার তুলনা	২৯
টেবিল ৪.১০: মোহনপুর উপজেলা শহর-এর পয়ঃনিষ্কাশনের ধরণের অবস্থার সাথে জাতীয় অবস্থার তুলনা	৩০

**চিত্রের তালিকাঃ**

চিত্র ৪.১.১: মোহনপুর উপজেলা শহর মহাপরিকল্পনায় অন্তর্ভুক্ত এলাকা পরিদর্শন	১৬
চিত্র ৪.১.২: মোহনপুর উপজেলা শহর মহাপরিকল্পনায় অন্তর্ভুক্ত এলাকা পরিদর্শন	১৬
চিত্র ৪.২.১: মোহনপুর উপজেলায় আয়োজিত এফজিডি সভার কার্যক্রম	২০
চিত্র ৪.২.২: মোহনপুর উপজেলায় আয়োজিত এফজিডি সভার কার্যক্রম	২১
চিত্র ৪.৩: মোহনপুর উপজেলা শহরের মানুষের পেশা	২২
চিত্র ৪.৪: মোহনপুর উপজেলা শহরবাসীদের মাসিক আয়	২৩
চিত্র ৪.৫: মোহনপুর উপজেলা শহরে পরিবারের ধরন	২৪
চিত্র ৪.৬: মোহনপুর উপজেলা শহরে সাক্ষরতার হার	২৫
চিত্র ৪.৭: মোহনপুর উপজেলা শহরে শিক্ষিতের হার	২৫
চিত্র ৪.৮: মোহনপুর উপজেলা শহরের বাড়ির কাঠামোর ধরণ	২৬
চিত্র ৪.৯: মোহনপুর উপজেলা শহর অধিবাসীদের অভিবাসন হার	২৭
চিত্র ৪.১০: মোহনপুর উপজেলা শহর অধিবাসীদের অভিবাসনের উদ্দেশ্য	২৭
চিত্র ৪.১১: মোহনপুর উপজেলা শহরে জ্বালানির উৎস	২৮
চিত্র ৪.১২: মোহনপুর উপজেলা শহরে পানির উৎস	২৯
চিত্র ৪.১৩: মোহনপুর উপজেলা শহরে পয়ঃনিষ্কাশনের ধরণ	৩০
চিত্র ৪.১৪: মোহনপুর উপজেলা শহরে জলাবদ্ধতার কারণ	৩১
চিত্র ৪.১৫: মোহনপুর উপজেলা শহরে ভূমি ব্যবহারের পরিবর্তনের ধরণ	৩২
চিত্র ৪.১৬: মোহনপুর উপজেলার মহাপরিকল্পনায় অন্তর্ভুক্ত এলাকা পরিদর্শন	৩২

**ম্যাপের তালিকাঃ**

ম্যাপ ১: মোহনপুর উপজেলার মানচিত্র	৬
ম্যাপ ৪.১: মোহনপুর উপজেলার ভূমি ব্যবহার/মহাপরিকল্পনার মানচিত্র	১৩
ম্যাপ ৪.২: ১৯৮৮ সালের মোহনপুর উপজেলা শহরের ভূমি ব্যবহার মানচিত্র	১৫
ম্যাপ ৪.৩: মোহনপুর উপজেলা শহরের বর্তমান ভূমি ব্যবহার মানচিত্র	১৮
ম্যাপ ৪.৪: মোহনপুর উপজেলার ভূমি ব্যবহারের বাস্তবায়িত ও অবাস্তবায়িত চিত্র	১৯

## অধ্যায় ০১: প্রাক আলোচনা

### ১.১ ভূমিকাঃ

নগর উন্নয়ন অধিদপ্তর নগর পরিকল্পনার একটি কেন্দ্রীয় প্রতিষ্ঠান। ১৯৬৫ সালে এই দপ্তরটি তৎকালীন গণপূর্ত ও নগর উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনে আত্মপ্রকাশ করে। দেশের সার্বিক নগর পরিকল্পনায় সরকারকে পরামর্শ প্রদান করার জন্য মূলত এই প্রতিষ্ঠানটির সৃষ্টি হয়। গাইড লাইন হিসেবে কেন্দ্রীয়, আঞ্চলিক এবং স্থানীয় পর্যায়ে দেশের নগর ও অঞ্চলসমূহের মহাপরিকল্পনা প্রণয়ন করা এই প্রতিষ্ঠানটির কার্যাবলীর অন্যতম একটি। আধুনিক বিশ্বের উন্নত দেশগুলোতে নগর ব্যবস্থাপনা তাদের জাতীয় অর্থনীতিতে বিশেষ প্রভাবকের ভূমিকা পালন করে। এখানে নগরায়ন ব্যবস্থা টেকসই উন্নয়নের মূল চাবিকাঠি হিসাবে কাজ করায় ব্যবসা বানিজ্য, চাকুরী, বাসস্থান, যোগাযোগ ব্যবস্থা ইত্যাদি অত্যন্ত সুপরিকল্পিতভাবে সাজানো হয় যাতে এসব নগর বা শহর তাদের উন্নয়নের মূল চালিকাশক্তি বা প্রভাবক হিসাবে অবদান রাখতে পারে। ফলে সেসব দেশের মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে যথেষ্ট পূর্ণতা পাচ্ছে। অন্যদিকে উন্নয়নশীল বা অনুন্নত দেশগুলোতে নগর গড়ে উঠছে অনেকটা অপরিকল্পিতভাবে অপরিকল্পিত নগর ব্যবস্থাপনা আমাদের জীবন যাত্রার মান উন্নয়নে ঋণাত্মক ভূমিকা পালন করছে। এ কারণে পরিকল্পিত নগরায়নের প্রয়োজনীয়তা আরো বেশী।

মোটামুটি একটি ক্ষুদ্র ভৌগোলিক এলাকায় বিশাল এক জনগোষ্ঠী সম্পন্ন দেশ বাংলাদেশ। কৃষি প্রধান এ দেশের মোট জনসংখ্যার শতকরা ২৮ ভাগ নগরবাসী হলেও জাতীয় উৎপাদনে এর ভূমিকা শতকরা ৬০ ভাগেরও বেশী। দেশের মোট নগর জনসংখ্যা সাড়ে চার কোটি এবং এর বৃদ্ধির হার ২.৫%। দেশে মোট ৫৩২ টি নগর কেন্দ্রের মোট আয়তন ১১২৫৮ বর্গ কি মি যা দেশের মোট আয়তনের ৭.৬৬%(তানভির, ২০০৬)। গ্রোস ডোমেস্টিক প্রোডাক্টের সাথে নগরীকরণের ইতিবাচক সহ-সম্পর্ক রয়েছে। বাংলাদেশ শহর সেক্টরে জিডিপির অবদান অনেক উন্নয়নশীল দেশের মত গ্রামীণ সেক্টরের তুলনায় অনেক বেশী। প্রতিবছর বাংলাদেশে জিডিপির হার বাড়ছে এবং তা সামাজিক-সাংস্কৃতিক এবং দেশের রাজনৈতিক উন্নয়নে মহান ভূমিকা পালন করছে। স্বাধীনতার মধ্য থেকে শহুরে নগরায়নের গড় হারের পরিমাণ ৫% (বিশ্বব্যাংক ২০১২) এবং শহুরে জনসংখ্যার শতাংশ দ্বিগুণ হয়েছে যা ১৫%, ১৯৭৪ থেকে ২৮.৪% ২০১১ সালে (বিবিএস, ২০১১)। ঢাকা শহরের নগরায়নের হার খুব দ্রুত যা নাগরিকদের মৌলিক অধিকার হ্রাসে বিভিন্ন সমস্যা সৃষ্টি করছে।

বাংলাদেশ বিশ্বের ঘনবসতিপূর্ণ দেশগুলোর অন্যতম। এ দেশের অপরিকল্পিত নগরায়নের হার ও অপরিকল্পিত উন্নয়নের মাত্রা স্বাভাবিক জীবন যাত্রার মান হ্রাসিত করার পরিবর্তে ভোগান্তির কারণ হয়ে দাঁড়িয়েছে। কিন্তু তারপরও আমাদের দেশে অতি দ্রুত নগরায়ন হচ্ছে। এই ধারা অব্যাহত থাকলে আগামীতে ছোট-বড় অনেক শহর অনিয়ন্ত্রিত উন্নয়নের কারণে বাসযোগ্যতা হারাবে। দেশের অর্থনৈতিক উন্নয়নে নগরসমূহের একটি উল্লেখযোগ্য ভূমিকা থাকা সত্ত্বেও অকার্যকর নগর ব্যবস্থাপনা ও অপরিকল্পিত ভৌত অবকাঠামো উন্নয়নের কারণে নগরায়ন আমাদের জন্য অপার সম্ভাবনার ক্ষেত্র না হয়ে বরং পর্যায়ক্রমে আমাদের জীবনকে সমস্যার আবর্তে নিপতিত করছে। বাধাগ্রস্ত হচ্ছে দেশের সামগ্রিক অর্থনীতি এবং সুস্বম উন্নয়ন। এখনই এর রাশ টেনে না ধরতে পারলে ছোট বা মাঝারী কোন শহর এমনকি গ্রামও এর থেকে নিস্তার পাবে না (বিআইপি, ২০১৩)।

এ ধরনের অপরিকল্পিত নগরায়ন ও উন্নয়নের ফলে দেশের সীমিত কৃষি জমির পরিমাণ দিন দিন সংকুচিত হয়ে যাচ্ছে, সাধারণ কৃষক তাঁর নাড়ী সত্তার সাথে ওতপ্রোতভাবে গাঁথা কৃষি কাজ থেকে সরে গিয়ে তার পরিবর্তে শহর এলাকায় মাইগ্রেন্ট করছে তাঁর জীবিকার তাগিদে। ফলে শহর এলাকার জনসংখ্যা দিন দিন বাড়ছে, সাথে সাথে খাদ্য নিরাপত্তাও মারাত্মক হুমকির সম্মুখীন হচ্ছে। অনিয়ন্ত্রিত জনবিস্ফোরণ ও তাদের যাবতীয় পরিসেবা নিশ্চিতকরণের তাগিদে নগরবাসীর জীবনে বহুমাত্রিক সমস্যার সৃষ্টি হচ্ছে। কৃষি জমি হ্রাস, বাজেটে কৃষি খাতে অপ্রতুল বরাদ্দ, জ্বালানি তেল ও সারের মূল্য বৃদ্ধি, পল্লী এলাকায় বিদ্যুৎ সরবরাহের ঘাটতি এবং জলবায়ু উষ্ণতার ফলে আগামী বছরগুলোতে বাংলাদেশের খাদ্য উৎপাদন বছরে প্রায় ৪ শতাংশ হারে হ্রাস পেতে পারে, যার কিছু ফলাফল ইতিমধ্যেই দেখা যাচ্ছে (নিতাই, ২০১২)।

আশির দশকে নগর উন্নয়ন অধিদপ্তরের তত্ত্বাবধানে দেশের ৫০টি জেলা ও ৩৯২টি উপজেলা শহরের ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করা হয়। কিন্তু বাস্তবায়নের জন্য উপযুক্ত লোকবল এবং সংশ্লিষ্ট সকল মহলের সচেতনতা না থাকার কারণে এসব জেলা-উপজেলা শহরের পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা যায়নি (মাহমুদ, ২০১৬)।

২০২০ সালে বাংলাদেশের শতকরা ৫০ ভাগ অর্থাৎ ৮.৫ কোটি লোক নগরে বাস করবে এবং ২০৫০ সালে দেশের ১০০% অর্থাৎ ২৭ কোটি লোক নগরে বসবাস করবে। তখনকার বাংলাদেশ হবে নগরীয় বাংলাদেশ। তাই আমাদেরকে খাদ্য নিরাপত্তার জন্য কৃষিকে নগর পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে নগরবাসীর জন্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্য নগর ও তার আশেপাশে উৎপাদনের ব্যবস্থা করতে হবে। এজন্য গ্রামীণ কৃষির সঙ্গে সঙ্গে নগরীয় কৃষি ব্যবস্থা গড়ে তোলার ব্যাপারে রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে (নিতাই, ২০১২)।

### ১.২ উপজেলা পরিচিতি:

#### ১.২.১ ভৌগোলিক অবস্থান ও আয়তনঃ

মোহনপুর উপজেলা রাজশাহীর উত্তরে ২৪.৫৬৩৯° উত্তর অক্ষাংশ এবং ৮৮.৬৫০০° পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত। এটি রাজশাহী হেড কোয়ার্টার থেকে ২৫ কি.মি. দূরে ১৬২.৬৫ বর্গ কি.মি. এলাকা জুড়ে বিস্তৃত। এর উত্তরে রাজশাহী জেলার তানোর উপজেলা এবং নওগাঁ জেলার মান্দা উপজেলা, পূর্বে বাগমারা উপজেলা, দক্ষিণে পবা এবং দুর্গাপুর উপজেলা, পশ্চিমে তানোর উপজেলা দ্বারা পরিবেষ্টিত (বাংলাপিডিয়া, বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ; খণ্ড ১১)।

### ১.২.২ পটভূমিঃ

মোহনপুর ১৯১৭ সালে অপরাধদমন ও প্রজার শান্তি রক্ষাকল্পে থানা (Police Station) হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। পরবর্তীতে রাজস্ব আদায় কার্যক্রম হাতে নেয়া হলেও থানা পর্যায়ে উন্নয়ন কাজ শুরু হয় ১৯৬২ সালে Basic Democracy প্রচলনের পর। এ সময় সার্কেল অফিসার (উন্নয়ন) এর নেতৃত্বে এ উন্নয়ন কার্যক্রম শুরু হয়। থানা পর্যায়ে প্রশিক্ষণ প্রদান ও সুথম উন্নয়ন নিশ্চিত করার জন্য টি টি ডি সি (থানা প্রশিক্ষণ ও উন্নয়ন কেন্দ্র) স্থাপন করা হয়। পরবর্তীতে প্রশাসনিক ধারাবাহিকতায় এ থানা ২৪/০৩/১৯৮৩ খ্রিঃ তারিখে উপজেলায় উন্নীত হয়। এ সময় মোহনপুর নামক একটি মৌজার নাম থেকেই এই উপজেলার নাম করণ করা হয়েছিল (পঞ্চবার্ষিক পরিকল্পনা, তথ্য ও বাজেট বই; ২০১৬)।

### ১.২.৩ ইউনিয়ন ও পৌরসভাঃ

মোহনপুর উপজেলা ১টি পৌরসভা ও মোট ৬ টি ইউনিয়ন সমন্বয়ে গঠিত। ইউনিয়ন পরিষদ গুলো হল রায় ঘাট, ঘাসিগ্রাম, মৌগাছি, জাহানাবাদ, বাকশিমইল, ধুরইলা। কেশরহাট পৌরসভা, যার আবস্থান রাজশাহী জেলা শহর হতে ২৯ কিঃ মিঃ উত্তর দিকে রাজশাহী নওগাঁ মহাসড়কের পার্শে মোহনপুর, উপজেলা কেশর মৌজায় নাম করণ থেকে বুঝা যায় এটি একমাত্র হাট "কেশরহাট" এর নাম হাট কেন্দ্রিক পৌরসভা। ইহা গত ২০০২ সালের ২২শে ডিসেম্বর "গ" শ্রেণীর পৌরসভা নামে যাত্রা শুরু করে। বর্তমানে "খ" শ্রেণীতে উন্নীত হয়েছে। যদিও প্রশাসক দ্বারা পৌরকার্য পরিচালনা হয় কিন্তু তারপরে দুই দুইটি নির্বাচিত বর্তমান প্রতিনিধি দ্বারা ৩২ জন কর্মচারী নিয়ে পৌরকার্য পরিচালনা করা হচ্ছে। বর্তমানে এই পৌরসভা উন্নয়নশীল (পঞ্চবার্ষিক পরিকল্পনা, তথ্য ও বাজেট বই; ২০১৬)।

### ১.২.৪ জনসংখ্যাঃ

আদমশুমারী (২০১১) অনুযায়ী মোহনপুর উপজেলার মোট জনসংখ্যা ১,৭০,০২১ জন। পুরুষ ৮৫,২৩৬ জন (৫০.১৩%) ও মহিলা ৮৪,৭৮৫ জন (৪৯.৮৭%)। জনসংখ্যার ঘনত্ব ১০৪৫ প্রতি বর্গ কি. মি.। আদমশুমারী (২০১১) অনুযায়ী মোহনপুর উপজেলার দশ বছরের (২০০১-২০১১) জনসংখ্যা বৃদ্ধির হার ১১.২০% এবং গড় বার্ষিক বৃদ্ধির হার ১.০৫%। আদমশুমারী (২০১১) অনুযায়ী মোহনপুর উপজেলা শহরের নগরায়ন এলাকার মোট আয়তন প্রায় ৯.২৫ বর্গ কিমিঃ বা প্রায় ২২৮৬ একর এবং মোট জনসংখ্যা ১৯৬৪৫।

সুতরাং নগর এলাকায় জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে ২১২৪। গত অর্ধ শতাব্দীর জনসংখ্যা বৃদ্ধির হারগুলি এবং মোহনপুর উপজেলার জনসংখ্যা বিষয়ক তথ্যাদি ক্রমান্বয়ে ছক ১.১ ও ছক ১.২ এ দেখানো হল। উপজেলা শহরের ২০১১ সালের জনসংখ্যা ব্যতীত অন্যান্য সালের জনসংখ্যার পরিমাণ আদমশুমারী রিপোর্টে উল্লেখ না থাকায় সেগুলো সারণীতে উল্লেখ করা যায়নি।

টেবিল ১.১- মোহনপুর উপজেলার অর্ধ শতাব্দীর জনসংখ্যা বৃদ্ধির হার

দশক	জনসংখ্যা পরিমাণ	বৃদ্ধির হার (%)
১৯৫১-১৯৬১	---	২১.২
১৯৬১-১৯৭৪	---	৫৪.৯
১৯৭৪-১৯৮১	---	২৫.৭
১৯৮১-১৯৯১	---	২৫.৭
১৯৯১-২০০১	১৫২, ৮৯৬	২১.০
২০০১-২০১১	১৫৯, ৮০৬	১১.২

উৎসঃ জনসংখ্যা ও গৃহায়ন আদমশুমারি রিপোর্ট ২০১১, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

টেবিল ১.২ এক নজরে মোহনপুর উপজেলা পরিচিতি

উপজেলা											
সাল	আয়তন ( বর্গ কি মি)	পৌরসভা	ইউনিয়ন	পরিবারের সংখ্যা		জনসংখ্যা		বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার (%)	ঘনত্ব ( প্রতি বর্গ কি মি )	নগরায়নের হার (%)	শিক্ষার হার (%)
				শহর	গ্রাম	শহর	গ্রাম				
২০০১	১৬২.৬৫	১	৬	২৬৩২	৩৩০৬৮	১১৬৫৮	১৪১২৩৮	১.৯২	৯৪০	৭.৬২	৪৫.৪
২০১১	১৬২.৬৫	১	৬	৫০৯১	৩৬২১৩	১৯৬৪৫	১৪০১৬১	১.০৫	১০৪৫	১৭.৫৬	৫১.৩
উপজেলা শহর											
আয়তন (বর্গ কি মি)		মৌজা		জনসংখ্যা		ঘনত্ব ( প্রতি বর্গ কি মি )					
৯.২৫		১০		১৯৬৪৫		২১২৪					

উৎসঃ আদমশুমারি রিপোর্ট ২০১১, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো; জনসংখ্যা ও গৃহায়ন আদমশুমারি রিপোর্ট ২০১১, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

### ১.২.৫ নদী ও খালঃ

এই উপজেলার দক্ষিণ-পূর্ব সীমানা বরাবর সংকীর্ণ বারনই নদী প্রবাহিত। উপজেলার প্রায় মধ্য দিয়ে পূর্বপশ্চিম বরাবর খাল রয়েছে। পশ্চিম সীমানা বরাবর শিব নদী উত্তর থেকে দক্ষিণে প্রবাহিত। এই নদীর সঙ্গে উপজেলার বেশ কয়েকটি ছোট ছোট খালের সংযোগ রয়েছে। জলবায়ুর পরিবর্তনের ফলে বর্তমানে শুষ্ক মৌসুমে অধিকাংশ নদী ও খালে পানি প্রবাহ না থাকায় উক্ত নদীবক্ষ ফসলী জমিতে রূপান্তরিত হয়েছে (তথ্য পরিকল্পনা ও বাজেট, মোহনপুর; ২০১৬)।

### ১.২.৬ ঐতিহ্যঃ

উপজেলার ঐতিহ্য বলতে প্রধানত পান চাষের কথা চলে আসে। এই উপজেলায় প্রচুর পরিমাণ পানের চাষ হয় এবং অনেক দিন ধরে কৃষকরা চাষ করে আসছে। এই উপজেলার অন্যতম প্রধান অর্থকরী ফসল হচ্ছে পান। এখানে উৎপাদিত পান দেশের বিভিন্ন প্রান্তে চলে যাই। মিঠা পান হওয়ায় এখানের পানের প্রচুর চাহিদা আছে সারা দেশে (পরিষদ, ২০১৬)।

### ১.২.৭ ব্যবসা বাণিজ্যঃ

মোহনপুর উপজেলার প্রধান বাণিজ্য মূলত মিষ্টি পান। এখানকার শিল্প ও কলকারখানার মধ্যে আছে জুট মিল, কোল্ড স্টোরজ, বরফকল ইটের ভাঁটা, মাছের পোনা ফোটা নো হ্যাচারি, আটাকল, সংমিল, ওয়েল্ডিং কারখানা ইত্যাদি। শিল্প কারখানা গুলো কৃষি ভিত্তিক, তবে এখানকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটানোর সম্ভাবনা রয়েছে (পরিষদ, ২০১৬)।

### ১.২.৮ ধর্ম ও সংস্কৃতিঃ

এই উপজেলার অধিকাংশ মানুষ মুসলমান। মোট জনসংখ্যার মধ্যে মুসলমান ১,৬৪,৭৯৭ জন, হিন্দু ৪,৩১৪ জন, খৃস্টান ৩৩৪ জন, বৌদ্ধ ০ জন এবং অন্যান্য আদিবাসী ৫৭৬ জন। এখানে বিভিন্ন সময় বিভিন্ন ধরনের উৎসব হয় (উপজেলা ওয়েব পোর্টাল, মোহনপুর)।

### ১.২.৯ প্রখ্যাত ব্যক্তিত্বঃ

মোহনপুর প্রখ্যাত ব্যক্তিদের মধ্যে অন্যতম হচ্ছেন শ্রী রাখাল চন্দ্র দাশ। শ্রী রাখাল চন্দ্র দাশের জন্ম ৩১-০৩-১৯৩২ সালে এবং মৃত্যু ২০০৩ সালের ২৩ শে এপ্রিল। শ্রী রাখাল চন্দ্র দাশ ছিলেন মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক। পেশায় ছিলেন একজন শিক্ষক। অসাম্প্রদায়িক সমাজকর্মী এবং নিবেদিত প্রান শিক্ষক। শিক্ষার আলায়ে উদ্ভাসিত করেছেন অনেকের জীবন। গড়ে তুলেছেন বহু আলোকিত মানুষ (বাংলাপিডিয়া, বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ; খণ্ড ১১)।

### ১.২.১০ খাদ্য শস্য ও অন্যান্য ফসলঃ

রাজশাহীর অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল। মোহনপুর উপজেলার প্রধান খাদ্যশস্য হল ধান, গম, পাট, আখ, হলুদ, তৈল বীজ, পিয়াজ, আদা, আলু ও পান। এই এলাকার পান সারা দেশে বিখ্যাত। এই উপজেলার মূল অর্থকরী ফসল পান। ২০১৫ সালে, এখানে মোট ৮৫০ হেক্টর জমিতে ১৪৩০০ টি বরজ আছে যার হেক্টর প্রতি ফলন ১৬ মেট্রিক টন এবং মোট উৎপাদন ১৩৬০০ মেট্রিক টন। উপজেলার দ্বিতীয় অর্থকরী ফসল আলু। গত অর্থ বছরে মোহনপুর উপজেলার মোট ৬৯৯০ হেক্টর জমিতে আলুর আবাদ হয়েছিল। বিগত বছরে আলুর বর্ধিত মূল্য ও মজুদকরণ সুবিধা বৃদ্ধি পাওয়ায় কৃষকদের মাঝে আলু চাষের আগ্রহ বৃদ্ধি পেয়েছে। প্রধান ফল সমূহের মধ্যে আছে আম, কাঁঠাল, কলা, লিচু, কালো জাম, নারকেল, পাম, বড়ই, পেয়ারা, পেঁপে। আম, কাঁঠাল এই এলাকায় ভাল উৎপাদিত ফল গুলোর মধ্যে অন্যতম।

### ১.২.১১ প্রাকৃতিক সম্পদঃ

এ উপজেলায় উল্লেখযোগ্য কোন প্রাকৃতিক সম্পদ নেই। তাই এ উপজেলার সংগ্রহে কোন প্রাকৃতিক সম্পদের তালিকা ও নেই। ঐতিহ্যভাবেই এই উপজেলার মূল সম্পদের মধ্যে পান অন্যতম। এই এলাকায় উৎপাদিত পান মিঠা পান নামে পরিচিত। তাছাড়া, এই এলাকায়-বারনই-নামে নদী আছে যেখানে সারা বছর পানি থাকে এবং এটি এলাকার মৎস্যজীবী সম্প্রদায় ও অন্যান্য দরিদ্র শ্রেণীর জীবিকার ক্ষেত্র। এই নদীতে এখানকার মৎস্যজীবী সমিতি ও বিভিন্ন দরিদ্র শ্রেণীর লোকজন মৎস্য আহরণ করে জীবিকা নির্বাহ করে থাকে (পরিষদ, ২০১৬)।

### ১.২.১২ যোগাযোগ ব্যবস্থাঃ

ঢাকা-রাজশাহী বিভাগীয় শহর থেকে সড়ক পথে মাত্র ২৫ কিলোমিটার উত্তর দিকে মোহনপুর উপজেলা পরিষদ। এখানে যোগাযোগের অন্যতম বাহন হল বাস, সিএনজি, মিশুক, টেম্পু ও স্থানীয় ভুটভুট ইত্যাদি। উপজেলার মোট আয়তনের প্রায় ৪০ শতাংশ এলাকাকে কংক্রিটের সড়ক সর্পিলা আকারে আবদ্ধ করে রেখেছে। এই উপজেলার যোগাযোগ ব্যবস্থা বেশ উন্নত। উপজেলার সাথে সব কয়টি ইউনিয়ন ও উপজেলার পাকা সড়ক আছে।

### ১.৩ গবেষণা পটভূমিঃ

উন্নয়নশীল দেশ হওয়ায় বাংলাদেশে নগরায়নের হার বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে বাড়ছে শহরগুলোতে জনসংখ্যার চাপ। এ চ্যালেঞ্জ মোকাবেলার জন্য বিভিন্ন সময় পরিকল্পিত নগরায়নের লক্ষ্যে মাস্টারপ্ল্যান প্রণয়ন করা হলেও তা পুরোপুরি বাস্তবায়িত হয়নি। উদাহরণস্বরূপ, ১৯৫৯ সালে ঢাকা, ১৯৬১ সালে চট্টগ্রাম, ১৯৬৬ সালে খুলনা এবং ১৯৮৪ সালে রাজশাহী শহরের জন্য যে ২০ বছর মেয়াদী মাস্টারপ্ল্যান তৈরি করা হয়েছিল সে অনুযায়ী সংশ্লিষ্ট শহরগুলোর অবকাঠামো, আবাসিক এলাকা এবং বাণিজ্যিক এলাকার উন্নয়ন সামগ্রিকভাবে বাস্তবায়িত হয়নি। এছাড়া, আশির দশকে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান UNHCR এর সহায়তায় নগর উন্নয়ন অধিদপ্তর দেশের ৫০টি জেলা এবং ৩৯২টি উপজেলা শহরের জন্য ভূমি ব্যবহার মাস্টার প্ল্যান প্রণয়ন করলেও লোকবল সংকটের কারণ তা আর বাস্তবায়ন সম্ভবপর হয়নি। ফলশ্রুতিতে

সংশ্লিষ্ট শহরগুলোতে পরিকল্পিত নগরায়নের বিস্তৃতি ঘটেনি। পক্ষান্তরে, শহরগুলোতে দিন দিন জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে। পরিকল্পিত নগরায়ন না ঘটায় এই জনগণের জীবনযাত্রার মান দিন দিন নিম্নমুখী হচ্ছে। এমতাবস্থায়, দেশের উন্নয়নের জন্য এবং শহরবাসীদের নিকট নগরায়নের সুবিধাসমূহ পৌঁছে দেওয়ার লক্ষ্যে ছোট ও মাঝারি শহরগুলোকে পরিকল্পিতভাবে গড়ে তোলা একান্ত প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে। তাছাড়া আশির দশকের মাস্টারপ্ল্যানগুলোর মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় জরুরি ভিত্তিতে সকল জেলা, উপজেলা ও পৌরসভাগুলোর জন্য মাস্টারপ্ল্যান নবায়ন করা প্রয়োজন।

এই প্রেক্ষাপট বিবেচনায় রেখে, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস দেশের উত্তরাঞ্চলের উপজেলা শহরগুলোর নগরায়নের প্রেক্ষাপটে নগর পরিকল্পনার সাথে সামঞ্জস্যতা অনুধাবনের লক্ষ্যে রাজশাহী মহানগর সংলগ্ন মোহনপুর উপজেলার উপর একটি গবেষণা কার্যক্রম হাতে নেয়। এই গবেষণায় মূলত মোহনপুর উপজেলা শহরের আর্থ-সামাজিক অবস্থা ও ভূমি ব্যবহারের পরিবর্তন দেখানো হয়েছে। ভূমি ব্যবহারের পরিবর্তন নির্ণয়ের লক্ষ্যে মোহনপুর উপজেলা শহরের বর্তমান ভূমি ব্যবহারের সাথে ১৯৮৮ সালে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত ভূমি ব্যবহার মাস্টারপ্ল্যানের তুলনা করা হয়েছে। সুতরাং এই গবেষণায় প্রাপ্ত ফলাফল পরবর্তীতে মোহনপুর উপজেলা শহরের ভূমি ব্যবহার মাস্টারপ্ল্যান তৈরিতে সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

### ১.৪ গবেষণার যৌক্তিকতাঃ

অপরিকল্পিত নগরায়নের ফলে নাগরিক সুবিধা বাধাগ্রস্ত আছে। কমবেশি সব শ্রেণীর মানুষ তথা শিশুর পূর্ণ বিকাশে নানাবিধ সমস্যা সৃষ্টি করছে। ফলে নগরে যানজট, জলাবদ্ধতা প্রভৃতি দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে নগর বাসী চিত্ত বিনোদনের সুযোগ হারাচ্ছে, খেলার মাঠ হারিয়ে যাচ্ছে এবং বাধাগ্রস্ত হচ্ছে ভবিষ্যৎ প্রজন্মের সার্বিক বিকাশ। অপরিকল্পিত নগরায়নের ফলে নাগরিক সুবিধা, সামাজিক নিরাপত্তা, বিনোদন সুবিধার জন্য প্রয়োজনীয় উন্মুক্ত স্থান সংকুচিত হয়ে পড়ায় মানুষ ব্যক্তি কেন্দ্রিক জীবন যাপনে অভ্যস্ত হয়ে পড়েছে। সারা দেশের সমন্বিত পরিকল্পনা না করে শুধুমাত্র এড শহর কেন্দ্রিক পরিকল্পনা করলে সেখানে অর্থনৈতিক ব্যবস্থা তথা নাগরিক সুবিধা পর্যাপ্ত হওয়ায় দেশের অসংখ্য মানুষ তাদের জীবন-জীবিকা, কর্মসংস্থান, শিক্ষা, চিকিৎসা সেবা সহ নানাবিধ কারণে নগরে স্থায়ী ও অস্থায়ী ভিত্তিতে বসবাস শুরু করছে। এতে-করে-নগরে প্রতিনিয়ত অধিবাসী বাড়ছে। সঠিক পরিকল্পনার অভাবে অনেক কৃষি জমির অপব্যবহার হচ্ছে ফলে খাদ্য নিরাপত্তায় ব্যাপক সমস্যা সৃষ্টি করছে। এমতাবস্থায় কৃষি জমি সুরক্ষা, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করার জন্য কৃষি জমিকে সমন্বয় করে সমগ্র উপজেলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ১৯৮৮ সালে প্রণীত মহাপরিকল্পনায় নগরের মানুষের মৌলিক সুবিধা নিশ্চিতকরণে “নগরায়ন ও আর্থসামাজিক উন্নয়ন বিষয়ক একটি গবেষণা, প্রেক্ষিতঃ মোহনপুর উপজেলা, রাজশাহী জেলা” কাজ সম্পন্ন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সে প্রেক্ষিতে রাজশাহী জেলার মোহনপুর উপজেলার বর্তমান উন্নয়ন ও পরিকল্পনাসমূহকে সমন্বয় করে এ গবেষণা কার্যক্রমটি পরিচালনার উদ্যোগ নেওয়া হয়েছে।

### ১.৫ মূল লক্ষ্যঃ


মোহনপুর উপজেলার আর্থ সামাজিক অবস্থা ও ভূমি ব্যবহার পরিবর্তনে বিভিন্ন বিষয়ে আলোচনা করা।

### ১.৬ নির্দিষ্ট উদ্দেশ্যঃ

- মোহনপুর উপজেলার বর্তমান আর্থ সামাজিক অবস্থা সম্পর্কে জানা।
- উপজেলার ভূমি ব্যবহার মাস্টারপ্ল্যান অনুযায়ী হয়েছে কিনা তা পুনঃনিরীক্ষণ করা এবং বর্তমান ভূমি ব্যবহারের ম্যাপ তৈরি করা।

### ১.৭ সীমাবদ্ধতাঃ

- সময়ের সঙ্কট কারণে মাঠ পর্যায়ের কাজ তাড়াতাড়ি সম্পন্ন করতে হয়েছে।
- দক্ষ জনবল ও পর্যাপ্ত বাজেটের অভাব ছিল।



ম্যাপ ১: মোহনপুর উপজেলার মানচিত্র  
**অধ্যায় ০২: সাহিত্য পর্যালোচনা**

গবেষণার বিষয়বস্তুর সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত বিভিন্ন গবেষণাপত্র, বই, জার্নাল, সাময়িকী ইত্যাদিতে মোহনপুর সম্পর্কিত যে সব তথ্য উপাত্ত পাওয়া গেছে, এই গবেষণা প্রতিবেদন প্রণয়নের ক্ষেত্রে তা ব্যবহার করার চেষ্টা করা হয়েছে। পাশাপাশি ব্যবহৃত হয়েছে অলিখিত তথ্যাবলী যা জরিপকালীন সময়ে স্থানীয় জনসাধারণের কাছ থেকে সংগৃহীত হয়েছে।

আশির দশকে সব ভূমি ব্যবহার পরিকল্পনাগুলো যে মহৎ উদ্যোগ নিয়ে প্রণীত হয়েছিল তা যথাযথভাবে বাস্তবায়িত না হওয়ার সঠিক কারণ নির্ণয় করা অত্যন্ত কঠিন কাজ হলেও এই গবেষণায় মোহনপুর উপজেলার জন্য প্রণীত ভূমি ব্যবহার মহাপরিকল্পনার বাস্তবায়ন নিরূপণ ও পর্যালোচনা করার চেষ্টা করা হয়েছে।

একটি গবেষণায় দেখা গেছে ১৯৭০ সালে বাংলাদেশের মোট জনসংখ্যার মাত্র ৫ ভাগ মানুষ নগর এলাকায় বসবাস করত। কিন্তু ২০১০ সালে তা এসে দাঁড়ায় প্রায় ৩০ শতাংশ। তার মানে গত চলিশ বছরে নগরায়নের হার বেড়েছে শতকরা প্রায় ২৫ শতাংশ। এই হারে বাড়তে থাকলে ২০২০ সালে বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় ৪০ শতাংশ মানুষ নগরে বাস করবে। এই মাত্রা আরো বাড়তে পারে। বিশেষজ্ঞদের মতে আগামী তিন বা চার দশকেই সারাদেশ সিটি স্টেট বা নগররাষ্ট্রে পরিণত হবে। ইউনেস্কো প্রকাশিত 'বাংলাদেশের নগরকেন্দ্র: প্রবণতা, ধরন ও বৈশিষ্ট্য' শীর্ষক প্রতিবেদন হতে জানা যায়, ১৯৭৪ সালে বাংলাদেশে শহর এলাকার সংখ্যা ছিল ১০৮ টি। ১৯৯১ সালে তা বেড়ে দাঁড়ায় ৫২২টি। বর্তমানে এ সংখ্যা বেড়ে অনেক বেশি হয়েছে। অবশ্য এসব পরিসংখ্যানে অনুমানভিত্তিক তথ্য পাওয়া যায়। এ কারণে বিভিন্ন সংস্থায় রিপোর্টে ভিন্ন ভিন্ন তথ্য দেখা যেতে পারে। কিন্তু এটি তো সত্য যে নগরায়নের হার খুব দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে (দা পাবলিক পোস্ট, ২০১৬)। সামাজিক-অর্থনৈতিক অবস্থা (অন্যথায় এসইএস নামে পরিচিত) একজন ব্যক্তির আয়, সম্পদ, শিক্ষা এবং প্রতিপত্তি উল্লেখ করে সামাজিক-অর্থনৈতিক অবস্থা বৈষম্য আজকে উদ্বেগের কারণ হচ্ছে যেহেতু সারা বিশ্বে বৈষম্য বৃদ্ধি হচ্ছে। যদিও সামাজিক- অর্থনৈতিক অবস্থা পরিষ্কারভাবে প্রাপ্তবয়স্কদের এবং ছোট শিশুদের সুখের সাথে যুক্ত করা হয়েছে, কিশোরদের উপর তার প্রভাব বিতর্কিত হয়েছে।

সামাজিক ও অর্থনৈতিক অবস্থা জনবসতিগুলির স্থায়িত্ব এবং বাসস্থানগুলির উপর নির্ভর করে। বিশেষ করে সামাজিক ও অর্থনৈতিক কল্যাণমূলক ব্যবস্থাগুলির সাথে সংশ্লিষ্ট, যেমন: (ক) ন্যায্যতা, (খ) কর্মসংস্থানের অবস্থা, (গ) আয়, (ঘ) অর্থনৈতিক কার্যকলাপ, এবং (ঙ) শিক্ষা। অর্থনৈতিক প্রবৃদ্ধি জীবনের মানকে অবদান রাখতে পারে, বিশেষ করে যখন তার প্রয়োজনীয়তাগুলি সর্বাধিক প্রয়োজনে বিতরণ করা হয়। এটিও স্পষ্ট যে বর্তমান এবং উর্ধ্বমুখী পরিবেশগত ও সম্পদ ব্যবস্থাপনা বিষয়ে প্রতিক্রিয়া জানাতে অর্থনৈতিক সম্পদ ও ক্ষমতা প্রয়োজন, যেমন এই সামাজিক ও অর্থনৈতিক অবস্থা রিপোর্টে উল্লিখিত হয়েছে (তাসমানিয়া, ২০০৬)।

## ২.১ সংশ্লিষ্ট সংজ্ঞা সমূহঃ

### ২.১.১ নগরায়নঃ

নগরায়নের স্তর (Level of Urbanization) বা সাধারণভাবে নগরায়ণ (Urbanization) বলতে জনসংখ্যার সেই অংশকে বোঝায় যারা নগর এলাকাতে বসবাস করে। নগরায়ণের স্তর নিম্নোক্ত সমীকরণ দ্বারা প্রকাশ করা যেতে পারে –

$$U^n = \frac{U_p}{T_p} \times 100$$

যেখানে,  $U^n$  = নগরায়ণের স্তর,  $U_p$  = নগরের মোট জনসংখ্যা এবং  $T_p$  = মোট জনসংখ্যা (বিবিএস, ২০১৫)।

### ২.১.২ নগর বৃদ্ধিঃ

নগর বৃদ্ধি (Urban Growth) বলতে নগরের মোট জনসংখ্যার বৃদ্ধি বোঝায় যেখানে নগরায়ন (Urbanization) হল নগরের জনসংখ্যার শতকরা বৃদ্ধি। সুতরাং অনেক সময় নগর বৃদ্ধি নগরায়ন ছাড়াও ঘটতে পারে (বিবিএস ২০১৫)। এই গবেষণায় নগর বৃদ্ধি নিম্নোক্ত সমীকরণ থেকে হিসেব করা হয়েছেঃ

$$P_n = P_0(1 + r)^t$$

যেখানে,  $P_n$  = বর্তমান জনসংখ্যা (২০১১ সালের জনসংখ্যা),

$P_0$  = পূর্বের জনসংখ্যা (২০০১ সালের জনসংখ্যা),

$r$  = বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার,

$t$  = সময় ব্যবধান (১০ বছর)

### ২.১.৩ ভূমি ব্যবহার পরিকল্পনাঃ

নগর পরিকল্পনায়, ভূমি ব্যবহার পরিকল্পনা বলতে বুঝায় একটি কার্যকর এবং নৈতিকভাবে ভূমি ব্যবহারের জন্য আদেশ ও নিয়ন্ত্রণ যার ফলে ভূমি ব্যবহারের বিরোধ দূর হয়। সরকার তাদের বিচারব্যবস্থার মধ্যে ভূমি উন্নয়ন পরিচালনার জন্য ভূমি ব্যবহার পরিকল্পনা ব্যবহার করে (ইয়ং, ২০০৩)।

### ২.১.৪ ফোকাস গ্রুপ ডিসকাশনঃ

একটি ফোকাস গ্রুপ আলোচনা (FGD) হল অনুরূপ পটভূমি বা অভিজ্ঞতাসম্পন্ন মানুষ একসঙ্গে জড়ো করার একটি পর একটি নির্দিষ্ট বিষয় নিয়ে আলোচনা করা। অংশগ্রহণকারীর গোষ্ঠী একটি মডারেটর (বা গ্রুপের সুবিধাদি) দ্বারা পরিচালিত হয় যারা আলোচনার জন্য বিষয় গুলি প্রবর্তন করে এবং গ্রুপটি তাদের মধ্যে একটি প্রাণবন্ত ও প্রাকৃতিক আলোচনায় অংশ নিতে সহায়তা করে।

FGD এর শক্তি অংশগ্রহণকারীদের একে অপরের সাথে সম্মত বা অসম্মতির অনুমতি প্রদানের উপর নির্ভর করে, যাতে এটি একটি বিষয় সম্পর্কে একটি ধারণা উপলব্ধি করে, যা একটি বিষয় সম্পর্কে মতামত দেয় অথবা মতামত এবং ধারণাগুলির পরিসর এবং একটি নির্দিষ্ট সম্প্রদায়ের মধ্যে বিদ্যমান অসঙ্গতি এবং বৈচিত্র্য প্রকাশ করে।

FGD ব্যবহার করা যেতে পারে জরিপের ফলাফলগুলি ব্যাখ্যার জন্য যা পরিসংখ্যানগতভাবে ব্যাখ্যা করা যায় না, যা আগ্রহের একটি বিষয়ের উপর মতামত / মতামতের পরিসর এবং বিভিন্ন ধরনের স্থানীয় পদগুলি সংগ্রহ করতে পারে। রিসার্চ এবং পলিসিতে যোগসূত্র আনার জন্য এবং পরিবর্তন প্রক্রিয়ার সাথে জড়িত বিভিন্ন দলগুলির মধ্যে বিভিন্ন মতামতের মধ্যে একটি অন্তর্দৃষ্টি প্রদানের ক্ষেত্রে FGD ব্যবহার করা যায়, এইভাবে প্রক্রিয়া আরও সহজভাবে পরিচালিত করা সক্ষম করে। প্রশ্নোত্তর নকশা প্রণয়নের পূর্বে এটি নিয়োগ করার একটি ভাল পদ্ধতি (উন্নয়ন, ২০০৯)।

## অধ্যায় ০৩: গবেষণার পদ্ধতি

### ৩.১ ভূমিকা:

গবেষণা পদ্ধতি এমন এক বিজ্ঞান যেখানে কিভাবে গবেষণা করা হবে সেটা নিয়ে আলকপাত করা হয়। মূলত, পদ্ধতিগুলি যার মাধ্যমে গবেষকরা তাদের কাজ সম্পর্কে বর্ণনা, ব্যাখ্যা এবং পূর্বাভাস দিয়ে থাকেন যান। বাজেট অনুমোদনের পর এই গবেষণা প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৭ মাসে প্রাথমিক তথ্য উপাত্ত সংগ্রহের মাধ্যমে শুরু হয় এবং ১০ ফেব্রুয়ারি থেকে ১৮ মার্চ ২০১৮ পর্যন্ত মাঠ পর্যায়ের কাজ সম্পন্ন করা হয়। পরবর্তীতে বিভিন্ন পর্যায়ে সভা শেষে গবেষণা কাজের প্রতিবেদন তৈরীর কাজ করা হয়।

### ৩.২ গবেষণা পদ্ধতি:

কয়েকটি ধাপ অনুসরণ করে গবেষণা কাজটি সম্পন্ন হয়েছে যেগুলো হলঃ

১। 'সেকেভারী সোর্স' হতে প্রাপ্ত তথ্য উপাত্ত সংগ্রহ।

২। প্রাক সম্ভাব্য জরিপ (Reconnaissance Survey) সম্পন্নকরণ।

৩। ভূমি ব্যবহার মহাপরিকল্পনার (১৯৮৮) সংশ্লিষ্ট মৌজা ম্যাপ সংগ্রহ।

৪। মৌজা ম্যাপ ডিজিটাইজিং ও বেইজ ম্যাপ তৈরি।

৫। ভূমি ব্যবহার পরিবর্তন দেখার জন্য মাঠ পর্যায় পরিদর্শন।

৫.১। মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় তথ্য সংরক্ষণের জন্য প্লট টু প্লট জরিপ করা হয় যেখানে বিল্ডিং এর ধরণ, ইউনিট, তলা, এবং বিল্ডিং এর সাথে জড়িত অন্যান্য সুবিধাগুলো সংগ্রহ করা।

৬। প্রশ্রাবলী জরিপের মাধ্যমে প্রাথমিক তথ্য উপাত্ত সংগ্রহ।

৭। বেইজ ম্যাপ হতে বাস্তবায়িত ও অবাস্তবায়িত প্রস্তাবনাগুলোর হিসাব/পরিমাণ ও হার নির্ণয়।

৮। ফোকাস গ্রুপ ডিসকাশনের মাধ্যমে সাক্ষাৎকার।

৯। প্রাপ্ত যাবতীয় তথ্যাদির বিশ্লেষণ ও সফটওয়্যার ব্যবহার করে ভূমি ব্যবহার এর নতুন মানচিত্র তৈরি।

১০। খসড়া প্রতিবেদন প্রস্তুত ও যাচাই এবং পূর্নাঙ্গ প্রতিবেদন তৈরি।

১১। পূর্নাঙ্গ প্রতিবেদন প্রস্তুত ও মুদ্রণ।

**৩.২.১ ধাপ ১:** প্রথম পর্যায়ে তথ্য উপাত্ত বিভিন্ন বই পত্র, পত্রিকা, জার্নাল, ম্যাগাজিন ইত্যাদি থেকে সংগ্রহ করা হয় যেটা পরবর্তীতে সাহিত্য পর্যালোচনায় ব্যবহার করা হয়।

**৩.২.২ ধাপ ২:** গবেষণা কাজটি শুরুর পূর্বে প্রস্তাবিত এলাকা সম্পর্কে সম্যক ধারণা পাওয়ার লক্ষ্যে মোহনপুর উপজেলায় প্রাক সম্ভাব্য জরিপ সম্পন্ন করা হয়। এতে নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিসের কর্মকর্তা ও কর্মচারী সমন্বয়ে একটি টিম এলাকাটি সরেজমিনে পরিদর্শন করেন এবং কর্মপস্থা ঠিক করার জন্য স্থানীয় উপজেলা পরিষদের চেয়ারম্যানের সাথে একটি সভায় অংশগ্রহণ করে তাঁকে গবেষণা সম্পর্কে ধারণা প্রদান করেন এবং গবেষণা কাজটি সূচারুভাবে সম্পন্ন করার লক্ষ্যে তাঁর পরামর্শ গ্রহণ করেন। প্রাক সম্ভাব্য জরিপ হতে প্রাপ্ত তথ্য প্রাথমিক পর্যায়ের তথ্য উপাত্ত হিসাবে গণ্য করা হয়।

**৩.২.৩ ধাপ ৩:** প্রস্তাবিত এলাকার প্রাথমিক বেইজ ম্যাপ প্রস্তুতির লক্ষ্যে মহাপরিকল্পনাভুক্ত এলাকার মাস্টারপ্লান এবং সংশ্লিষ্ট মৌজা ম্যাপ সংগ্রহ করা হয় যা ম্যাপ ৩.১ এর মাধ্যমে দেখানো হল।

**৩.২.৪ ধাপ ৪:** GIS সফটওয়্যার ব্যবহার করে সংগ্রহকৃত মাস্টারপ্লান এবং সংশ্লিষ্ট মৌজা ম্যাপ থেকে বেইজ ম্যাপ তৈরি করা হয়।

**৩.২.৫ ধাপ ৫:** প্রস্তুতকৃত বেইজ ম্যাপ নিয়ে মোহনপুর উপজেলার ভূমি ব্যবহারের ম্যাপ আপডেট করার আগে বিভিন্ন ধাপে এলাকা পরিদর্শন করা হয়েছিল। পরিদর্শন কালে একটি দল যা ২ গ্রুপে বিভক্ত হয়ে কাজটি সম্পূর্ণ করা হয়েছিল। প্রতিটি গ্রুপে মোট ৪ জন সদস্য ছিল। এর মাধ্যমে ম্যাপে কোন কোন ভূমির ব্যবহার বাস্তবায়িত হয়েছে বা হয়নি সেগুলো চিহ্নিত করা হয়। এছাড়া বিল্ডিং এর সাথে জড়িত যে তথ্য গুলো সংগ্রহ করা হয় তা বিশ্লেষণ অংশে দেখানো হয়েছে।

**৩.২.৬ ধাপ ৬:** মোহনপুর উপজেলা শহরের অধিবাসীদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন নিরূপণের লক্ষ্যে প্রশ্রাবলী জরিপের মাধ্যমে প্রাথমিক তথ্য সংগ্রহ করা হয়। প্রথমে আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন নির্দেশকসমূহ যেমনঃ পরিবারের ধরণ, আয়, শিক্ষার স্তর, বাড়ীর ধরণ, জ্বালানির উৎস, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং অন্যান্য সুযোগ সুবিধা নির্বাচিত করে প্রশ্রাবলী তৈরি করা হয়। এরপর নমুনা জনসংখ্যা নিরূপণের জন্য নিম্নোক্ত সমীকরণটি ব্যবহৃত হয়ঃ

$$\therefore n = \frac{Z^2 pqN}{(N-1)e^2 + Z^2 pq}$$

যেখানে,  $n$  = নমুনা সংখ্যা,

$Z$  = নির্দিষ্ট কনফিডেন্স লেভেলে একটি আদর্শ ভেরিয়েটের মান। ৯৫% কনফিডেন্স লেভেলে যার মান ১.৯৬,



$P$  = ব্যক্তিগত বিবেচনায় নমুনার শতকরা হার। এখানে  $P = 0.10$  ধরা হয়েছে যাতে  $n$  এর মান হবে সর্বোচ্চ এবং এটির মাধ্যমে যথাযথ নমুনা সংখ্যা পাওয়া যাবে বলে ধরে নেওয়া হয়েছে,

$$q = (1 - p),$$

$e$  = গ্রহণযোগ্য ত্রুটির পরিমাণ যার মান  $0.05$  ধরা হয়েছে,

$N$  = মোট জনসংখ্যার পরিমাণ

২০১১ সালের বিবিএস অনুযায়ী মোহনপুর উপজেলা শহরের জনসংখ্যা ছিল ১৯৬৪৫ জন। এই জনসংখ্যার ভিত্তিতে উপরিউক্ত সমীকরণ থেকে নমুনা জনসংখ্যা ১৩৮ জন নির্ধারণ করা হয়। অর্থাৎ প্রশ্নাবলি জরিপের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থা নিরূপণের জন্য মোট ১৩৮ জনের সাক্ষাতকার নেওয়া হয়।

**৩.২.৭ ধাপ ৭:** ভূমি ব্যবহার যাচাই জরিপে প্রাপ্ত তথ্যাবলী জিআইএস ভিত্তিক বেইজ ম্যাপে সমন্বিত করে বাস্তবায়ন পরিস্থিতি নিরূপণের জন্য ভূমি ব্যবহারের বিদ্যমান অবস্থা এবং বাস্তবায়ন ও আবাস্তবায়ন নির্দেশনামূলক দুইটি আলাদা ম্যাপ প্রস্তুত করে তাতে বাস্তবায়ন চিত্র যথাযথভাবে নির্ণয় করা হয়।

**৩.২.৮ ধাপ ৮:** তথ্য সূত্রের নির্ভুলতা যাচাই করার জন্য তথ্যপ্রদানকারী সাক্ষাতকার নেয়া হয়, যেখানে প্রধান তথ্যপ্রদানকারীগণ ছিলেন উপজেলার চেয়ারম্যান, শিক্ষক, সরকারি কর্মকর্তা। এছাড়াও একটি ফোকাস গ্রুপ ডিসকাশন (এফ.জি.ডি) এর আয়োজন করা হয়, যাতে মোহনপুর উপজেলার সঠিক তথ্যগুলো পাওয়া যায়। মোহনপুর উপজেলার প্রকৃত সমস্যা, সমাধান এবং ভবিষ্যৎ পরিকল্পনা জানার জন্য ১২ মার্চ ও ১৫ মার্চ ২০ জন করে মোট ৪০ জন সম্মিলিত দুটি FGD—এর আয়োজন করা হয়।

**৩.২.৯ ধাপ ৯:** ArcGIS সফ্টওয়্যার ব্যবহার করে মানচিত্রটি প্রস্তুত করা হয়। মাস্টারপ্ল্যানের প্রস্তাবিত এবং বিদ্যমান এলাকার ভূমি ব্যবহারের আয়তন নির্ণয় করার জন্য, মানচিত্রটি বিটিএম সমন্বয় সিস্টেমের মাধ্যমে প্রদর্শন করা হয়েছিল। মাইক্রোসফ্ট এক্সেল তথ্য বিশ্লেষণ করতে ব্যবহার করা হয়েছিল।

**৩.২.১০ ধাপ ১০:** প্রাপ্ত তথ্য সমন্বয় করে খসড়া প্রতিবেদন প্রস্তুত করা এবং যাচাই করা।

**৩.২.১১ ধাপ ১১:** খসড়া প্রতিবেদনে সংশোধন ও সংযোজন শেষে একটি পূর্নাজ্ঞ প্রতিবেদন তৈরি করা।

## অধ্যায় ০৪: তথ্য বিশ্লেষণ

### ৪.১ মোহনপুর উপজেলা শহরের নগরায়নের অবস্থাঃ

নগরায়নের স্তর (Level of Urbanization) বা সাধারণভাবে নগরায়ণ (Urbanization) বলতে জনসংখ্যার সেই অংশকে বোঝায় যারা নগর এলাকাতে বসবাস করে। ২০০১ সালে মোহনপুর উপজেলা এবং উপজেলা শহরে জনসংখ্যার পরিমাণ ছিল যথাক্রমে ১৫২৮৯৬ এবং ১১৬৫৮ জন (বিবিএস, ২০১১)। সুতরাং নগরায়ণের স্তর হবে -

$$U^n = \frac{১১৬৫৮}{১৫২৮৯৬} \times ১০০ = ৭.৬২ \text{ (সমীকরণটি সাহিত্য পর্যালোচনায় উল্লেখিত হয়েছে)}।$$

সুতরাং ২০০১ সালে মোহনপুর উপজেলা শহরে নগরায়নের স্তর বা হার ছিল ৭.৬২%। পক্ষান্তরে, ২০১১ সালে মোহনপুর উপজেলা এবং উপজেলা শহরে জনসংখ্যার পরিমাণ ছিল যথাক্রমে ১৫৯৮০৬ ও ১৯৬৪৫ জন (বিবিএস, ২০১১) এবং নগরায়ণের স্তর ছিল ১২.২৯%। অর্থাৎ ২০০১ থেকে ২০১১ সাল পর্যন্ত ১০ বছরে নগর এলাকাতে জনসংখ্যার অংশ ৭.৬২% থেকে বৃদ্ধি পেয়ে ১২.২৯% হয়েছে।

আবার, নগর বৃদ্ধি (Urban Growth) বলতে নগরের মোট জনসংখ্যার বৃদ্ধি বোঝায় যেখানে নগরায়ন (Urbanization) হল নগরের জনসংখ্যার শতকরা বৃদ্ধি। সুতরাং অনেক সময় নগর বৃদ্ধি নগরায়ন ছাড়াও ঘটতে পারে। ২০০১ সাল থেকে ২০১১ সালের মধ্যে মোহনপুর উপজেলা শহরে জনসংখ্যা ১১৬৫৮ জন থেকে বৃদ্ধি পেয়ে ১৯৬৪৫ জন হয়েছিল (বিবিএস, ২০১১) অর্থাৎ বার্ষিক নগর বৃদ্ধির হার ছিল-


$$r = \sqrt[১০]{\frac{১৯৬৪৫}{১১৬৫৮}} - ১ = ৫.৩৬ \text{ (সমীকরণটি সাহিত্য পর্যালোচনায় উল্লেখিত হয়েছে)}।$$

সুতরাং ২০০১ সাল থেকে ২০১১ সালের মধ্যে মোহনপুর উপজেলা শহরে নগর বৃদ্ধির হার ছিল ৫.৩৬%; যেখানে নগর এলাকাতে জনসংখ্যার অংশ ৭.৬২% থেকে বৃদ্ধি পেয়ে ১২.২৯% হয়েছে। সুতরাং ২০০১-২০১১ পর্যন্ত দশকে মোহনপুর উপজেলাতে ধনাত্মক নগরায়ণের সাথে নগর বৃদ্ধি ঘটেছিল।

### ৪.২ ভূমি-ব্যবহার নিরূপণঃ

#### ৪.২.১ ভূমি ব্যবহার মহাপরিকল্পনা ১৯৮৮ অনুযায়ী মোহনপুর উপজেলা শহরের ভূমি ব্যবহারের ধরণঃ

১৯৮৮ সালে ইউডিডি কর্তৃক মোহনপুর উপজেলা শহরের জন্য একটি মহাপরিকল্পনা প্রণয়ন করা হয়। এই মহাপরিকল্পনায় মোহনপুর উপজেলা শহরের উন্নয়নের জন্য এর আবাসিক, ব্যবসায়িক, শিল্প প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং নগরের সুবিধাবালি প্রদানের জন্য এলাকা চিহ্নিত করা হয়। যদিও এটি গেজেটেড হয়নি। ম্যাপ ৪.১ এর মাধ্যমে প্রস্তাবিত মহাপরিকল্পনা অনুযায়ী ভূমি ব্যবহারের ধরণ দেখানো হল।



ম্যাপ ৪.১: মোহনপুর উপজেলার ভূমি ব্যবহার/ মহাপরিকল্পনার মানচিত্র

উৎসঃ গবেষকদের দ্বারা প্রস্তুতকৃত, ২০১৮

টেবিল ৪.১ মোহনপুর উপজেলা শহরের জন্য প্রস্তাবিত ভূমি ব্যবহার মহাপরিকল্পনা ১৯৮৮ অনুযায়ী ভূমি ব্যবহারের ধরণ

ভূমি ব্যবহারের ধরণ	এলাকা (একরে)	ক্যাটাগরি অনুযায়ী আয়তনের শতকরা হার (%)
প্রস্তাবিত আবাসিক এলাকা	৪৮৪.৬১	১৫.৭৪
প্রস্তাবিত ব্যবসায়িক এলাকা	৭৯.৫২	২.৫৮
প্রস্তাবিত শহরের সুবিধাবলি	১৩৩.৮২	৪.৩৫
প্রস্তাবিত শিক্ষা প্রতিষ্ঠানের এলাকা	১৭.০২	০.৫৫
সংরক্ষিত এলাকা	১০.২১	০.৩৩
নগর প্রবণ এলাকা	১৩৮.৩৮	৪.৪৯
কৃষি	২২১৫.০৭	৭১.৯৫
মোট	৩০৭৮.৬৩	১০০.০০
এছাড়া বিভিন্ন জলাধারের পরিমাণ ছিল ৭.৭২ একর		

টেবিল ৪.১- এর তথ্য সংগ্রহ করা হয়, মোহনপুর উপজেলা শহরের ভূমি ব্যবহার মহাপরিকল্পনা থেকে যা প্রায় ৩০৭৮.৬৩ একর এলাকা জুড়ে অবস্থিত। এছাড়া পুকুর ও অন্যান্য জলাধারের মোট পরিমাণ ছিল ৭.৭২ একর। এখানে উপরের সারণি থেকে দেখা যায় যে, প্রস্তাবিত আবাসিক, বাণিজ্যিক ও শিক্ষা প্রতিষ্ঠান এলাকার শতকরা হার সম্পূর্ণ এলাকাটির ১৫.৭৪%, ২.৫৮% এবং ০.৫৫%। এছাড়া এখানে প্রায় .৩৩% সংরক্ষিত এলাকা আছে এবং আরবান ডেফল্ড বা শহুরে খিলাসিত এলাকার জন্য প্রস্তাবিত এলাকা ছিল প্রায় ৪.৪৯%।


#### ৪.২.২ ১৯৮৮ সালে মোহনপুর উপজেলা শহরে ভূমি ব্যবহারের ধরণঃ

১৯৮৮ সালে মোহনপুর উপজেলা শহরের ভূমি ব্যবহারের ধরণ টেবিল ৪.২-তে দেখানো হয়েছে। টেবিল থেকে দেখা যায় যে, সে সময় শহর এলাকার মধ্যে প্রায় ৬.১৪% জমিতে বসতবাড়ি ছিল। এছাড়া বাণিজ্য, শিক্ষা ও অন্যান্য সুবিধাজে ব্যবহারিত জমির পরিমাণ ১% এর কিছু বেশি ছিল। বাকি ৩৮.৬৯.৬৭ একর জমিতে অর্থাৎ প্রায় ৯২.৬১% জমিতে কৃষি কাজ হত। ম্যাপ ৪.২ এ ১৯৮৮ সালের ভূমি ব্যবহারের অবস্থা দেখানো হয়েছে।

টেবিল ৪.২ ১৯৮৮ সালের মোহনপুর উপজেলার ভূমি ব্যবহারের হার

ক্যাটাগরি	১৯৮৮ সালের ভূমি ব্যবহার	
	আয়তন (একরে)	ক্যাটাগরি অনুযায়ী আয়তনের শতকরা হার (%)
আবাসিক	২৫৬.৭৪	৬.১৪
বাণিজ্য	৬.২৮	০.১৫
শিক্ষা	১১.৪৬	০.২৭
শহুরে অন্যান্য সুবিধাসমূহ	৩৪.৩৪	০.৮২
কৃষি	৩৮৬৯.৬৭	৯২.৬১
মোট	৪১৭৮.৪৯	১০০.০০

উৎসঃ গবেষকদের দ্বারা প্রস্তুতকৃত, ২০১৮



ম্যাপ ৪.২: ১৯৮৮ সালের মোহনপুর উপজেলা শহরের ভূমি ব্যবহার মানচিত্র

উৎসঃ গবেষকদের দ্বারা প্রস্তুতকৃত, ২০১৮

### ৪.২.৩ মোহনপুর উপজেলা শহরের বর্তমান ভূমি ব্যবহারের ধরণঃ

ভূমি ব্যবহার মহাপরিকল্পনা ১৯৮৮ তে অন্তর্ভুক্ত এলাকার বর্তমান অবস্থা পরীক্ষা করার জন্য মোহনপুর উপজেলা শহর পরিদর্শন করা হয়েছিল। পরিদর্শনকালে, যে তথ্য সংগ্রহ করা হয়েছিল তা পরবর্তিতে নতুন মানচিত্র তৈরিতে ব্যবহৃত হয়।



চিত্র ৪.১.১: মোহনপুর উপজেলা শহর মহাপরিকল্পনায় অন্তর্ভুক্ত এলাকা পরিদর্শন

চিত্র ৪.১.২: মোহনপুর উপজেলা শহর মহাপরিকল্পনায় অন্তর্ভুক্ত এলাকা পরিদর্শন



চিত্র ৪.১.৫: মোহনপুর উপজেলার মহাপরিকল্পনায় অন্তর্ভুক্ত এলাকা পরিদর্শন


উৎসঃ ইউ ডি ডি জরিপ, রাজশাহী, ২০১৮

টেবিল ৪.৩ মোহনপুর উপজেলা শহরের বর্তমান ভূমি ব্যবহারের হার

ভূমি ব্যবহারের ধরণ	এলাকা (একরে)	ক্যাটাগরি অনুযায়ী আয়তনের শতকরা হার (%)
আবাসিক এলাকা	৩১৭.৪৪	১০.৩১
ব্যবসায়িক এলাকা	২৮.৬	০.৯৩
শহরের সুবিধাবলি	১২.৫৩	০.৪১
শিক্ষা প্রতিষ্ঠানের এলাকা	১০.১৯	০.৩৩
নগর প্রবেশ এলাকা	১২৮.১	৪.১৬
পুকুর এবং অন্যান্য জলাশয়ের পরিমাণ	৩৩২৮.	১.০৮
সংরক্ষিত এলাকা	১০.০৩	০.৩৩
কৃষি	২৫৩৮.৪৬	৮২.৪৫
মোট	৩০৭৮.৬৩	১০০

উৎসঃ গবেষকদের দ্বারা প্রস্তুতকৃত, ২০১৮

টেবিল ৪.৩ এ মোহনপুর উপজেলা শহরের মহাপরিকল্পনার বর্তমান চিত্র উপস্থাপন করা হয়েছে যেখানে আবাসিক এলাকা, শহুরে সুবিধাবলি, শিক্ষা প্রতিষ্ঠানের এলাকায় ক্ষেত্রে কিছু পরিবর্তন পাওয়া যায়। বর্তমান অবস্থা অনুযায়ী, আবাসিক এলাকার শতকরা হার ১২.৬৮% যেখানে বাণিজ্যিক এলাকার শতকরা হার ১.১৪%। শহুরে সুবিধাবলি এবং জলাধারের আয়তন বৃদ্ধি যথাক্রমে ০৫.১% এবং ১.৩৩%। এখানে দেখা যায় যে সংরক্ষিত এলাকা এবং আরবান ডেফার্ড এর কোন বড় ধরণের পরিবর্তন হয়নি। ম্যাপ ৪.৩ এর মাধ্যমে প্রস্তাবিত মহাপরিকল্পনা অনুযায়ী বর্তমান ভূমি ব্যবহারের ধরণ দেখানো হল। তবে কৃষি জমির পরিমাণ ১৯৮৮ সালের তুলনাই কমেছে। ১৯৮৮ সালে যেখানে কৃষি জমির পরিমাণ ছিল (টেবিল ৪.৮) ৯২.৬১%, ২০১৮ তে এই জমির পরিমাণ কমে এসেছে ৭৮৪৩.১% এ। সুতরাং, নাগরায়নের প্রভাব কৃষি জমির উপর ও পড়ছে।



ম্যাপ ৪.৩: মোহনপুর উপজেলা শহরের বর্তমান ভূমি ব্যবহার মানচিত্র

উৎসঃ গবেষকদের দ্বারা প্রস্তুতকৃত, ২০১৮

### ৪.২.৪ মোহনপুর উপজেলা শহরে ভূমি ব্যবহারের বাস্তবায়িত ও অবাস্তবায়িত চিত্র

টেবিল ৪.৪ এ মোহনপুর উপজেলা মহাপরিকল্পনার বাস্তবায়ন ও অবাস্তবায়নের বর্তমান চিত্র উপস্থাপন করছে যেখানে আবাসিক এলাকা, শহুরে সুবিধাবলি, বাণিজ্য এলাকায় ক্ষেত্রে বেশ কিছু অবাস্তবায়ন অবস্থা পাওয়া যায়।

টেবিল ৪.৪ মোহনপুর উপজেলার ভূমি ব্যবহারের বাস্তবায়ন ও অবাস্তবায়ন


ক্যাটাগরি	প্রস্তাবিত*		বাস্তবায়িত*		অবাস্তবায়িত		বাস্তবায়িত + অবাস্তবায়িত	
	আয়তন (একর)	ক্যাটাগরি অনুযায়ী আয়তনের শতকরা হার (%)	আয়তন (একর)	ক্যাটাগরি অনুযায়ী আয়তনের শতকরা হার (%)	আয়তন (একর)	ক্যাটাগরি অনুযায়ী আয়তনের শতকরা হার (%)	আয়তন (একর)	ক্যাটাগরি অনুযায়ী আয়তনের শতকরা হার (%)
আবাসিক	৪৮৪.৬১	১৫.৭৪	৩১৭.৪৪	১১.৬১	১৬৭.১৭	৪৬.৮৬	৪৮৪.৬১	১৫.৭৪
বাণিজ্য	৭৯.৫২	২.৫৮	২৮.৬০	১.০৫	৫০.৯৩	১৪.২৭	৭৯.৫২	২.৫৮
শিক্ষা	১৭.০২	০.৫৫	১০.১৯	০.৩৭	৬.৮২	১.৯১	১৭.০২	০.৫৫
শহুরে সুবিধাসমূহ	১৩৩.৮২	৪.৩৫	১২.৫৩	০.৪৬	১২১.২৯	৩৪.০০	১৩৩.৮২	৪.৩৫
নগর প্রবণ এলাকা	১৩৮.৩৮	৪.৪৯	১২৮.১০	৪.৭০	১০.২৮	২.৮৮	১৩৮.৩৮	৪.৪৯
সংরক্ষিত	১০.২১	০.৩৩	১০.০৩	০.৩৭	০.১৮	০.০৫	১০.২১	০.৩৩
কৃষি	২২১৫.০৭	৭১.৯৫	২২১৫.০৭	৮১.৩৭	০	০	২২১৫.০৭	৭১.৯৪
মোট	৩০৭৮.৬৩	১০০.০০	২৭২১.৮৯	১০০.০০	৩৫৬.৭৪	১০০.০০	৩০৭৮.৬৩	১০০.০০

এখানে প্রধান সড়ক, সংযোগ সড়ক এবং খাল এর পরিমাণ যথাক্রমে ৬.০৯, ১৭.৬১, ৮.২৯ একর। বর্তমানে পুকুর এবং অন্যান্য জলাশয়ের পরিমাণ ৩৩.২৮ একর।

উৎসঃ গবেষকদের দ্বারা প্রস্তুতকৃত, ২০১৮

\*(সংযুক্তি ৩ ও ৪ দ্রষ্টব্য)

বর্তমান অবস্থা অনুযায়ী, আবাসিক এলাকা বাস্তবায়িত হয়েছে শতকরা হার ১১.৬১% যেখানে আবাস্তবায়ন এলাকার শতকরা হার ৪৬.৮৬%। শহরের সুবিধাবলি এবং বাণিজ্যের আয়তন বৃদ্ধি যথাক্রমে ০.৪৬% এবং ১.০৫%। অপরদিকে আবাস্তবায়নের হার যথাক্রমে ৩৪.০০% এবং ১৪.২৭%। এখানে দেখা যায় যে সংরক্ষিত এলাকা এবং আরবান ডেফার্ড এর কোন বড় ধরনের পরিবর্তন হয়নি। পরিকল্পিত কৃষি জমি বাদে বাস্তবায়নের হার ১৬.৪৩%। তবে পরিকল্পনা অনুযায়ী কৃষি জমি সহ প্রতাবিত মোট ৩০৭৮.৬৩ একর ও ভূমির প্রায় ৮৮.৪১% এলাকার উন্নয়ন বাস্তবায়িত হয়েছে এবং ১১.৫৯% উন্নয়ন এখনও আবাস্তবায়িত রয়েছে। ম্যাপ ৪.৪ এর মধ্যমে মোহনপুর উপজেলার ভূমি ব্যবহারের বাস্তবায়িত ও আবাস্তবায়িত চিত্র দেখানো হয়েছে।



ম্যাপ ৪.৪: মোহনপুর উপজেলার ভূমি ব্যবহারের বাস্তবায়িত ও আবাস্তবায়িত চিত্র

উৎসঃ গবেষকদের দ্বারা প্রস্তুতকৃত, ২০১৮

#### ৪.২.৫ প্রস্তাবিত মহাপরিকল্পনা বাস্তবায়ন না হওয়ার সম্ভাব্য কারণঃ

কোন এলাকার আর্থ সামাজিক এবং অবকাঠামোগত উন্নয়নের জন্য যে জিনিসটি থাকা অতিব গুরুত্বপূর্ণ তা হল একটি দীর্ঘমেয়াদি মহাপরিকল্পনা এবং এর সৃষ্ট বাস্তবায়ন এর জন্য একটি সুনির্দিষ্ট আইনগত কাঠামো। এছাড়া মহাপরিকল্পনা বাস্তবায়নের সাথে জড়িত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর স্বদিল্চ্ছা থাকা দরকার। সে লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী, মোহনপুর উপজেলায় এফজিডি সভার আয়োজন করেন যেখানে স্থানীয় জন প্রতিনিধি, সাধারণ জনগন, সমাজের সুশীল ব্যক্তিবর্গ তাদের সুচিন্তিত মতামত তুলে ধরেন। এই আলোচনা সভায় যে কারনগুলো উঠে আসে তা নিচে দেয়া হল;

- ১। প্রণীত মহাপরিকল্পনা নন গেজেটেড হওয়ায় এই বিষয়ে স্থানীয় উপজেলা/ পৌরসভা গুরুত্ব আরোপ না করা।
- ২। মহাপরিকল্পনা সম্পর্কে জনসচেতনতার অভাব।
- ৩। পরিকল্পনা বাস্তবায়নে উপযুক্ত পরিমাণে অর্থের জোগান না থাকা।
- ৪। পরিকল্পনা বাস্তবায়নকারী প্রতিষ্ঠান সমূহের মধ্যে সমন্বয়হীনতা।
- ৫। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সময়মত মাঠ পর্যায়ে তদারকির অভাব।

মোহনপুর উপজেলায় আয়োজিত এফজিডি সভার কার্যক্রম চলাকালীন সময়ের কিছু অংশ নিচে দেখানো হল;



চিত্র ৪.২.১: মোহনপুর উপজেলায় আয়োজিত এফজিডি সভার কার্যক্রম

উৎসঃ ইউ ডি ডি জরিপ, রাজশাহী, ২০১৮



চিত্র ৪.২.২: মোহনপুর উপজেলায় আয়োজিত এফজিডি সভার কার্যক্রম

নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী



### ৪.৩ আর্থ-সামাজিক অবস্থাঃ


